# <u>ইউনিক হোটেল এন্ড রিসোর্টস  পিএলসি এর ২০ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন</u>




ইউনিক হোটেল এন্ড রিসোর্টস পিএলসি এর ২২তম বার্ষিক সাধারণ সভা, মঙ্গলবার, ১২ই ডিসেম্বর ২০২৩ সকাল ১০:৩০ ঘটিকায় ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন কোম্পানীর পরিচালনা পর্ষদের পরিচালক বীর মুক্তিযোদ্ধা রোটারিয়ান গোলাম মুস্তাফা । মাননীয় চেয়ারপার্সন মিসেস সেলিনা আলী এবং ব্যবস্থাপনা পরিচালক বীর মুক্তিযোদ্ধা জনাব মোহাঃ নূর আলী স্যার এর প্রিয় কন্যা মিস নাদিহা আলীর আকস্মিক মৃর্ত্যুর কারনে তারা সভায় উপস্থিত হতে পারেন নি। সভায় উপস্থিত শেয়ারহোল্ডারগন ২০২২-২৩ সালের সমাপ্ত বছরের হিসাবের ভিত্তিতে ২০% নগদ লভ্যাংশ অনুমোদন করেন।

শেয়ারহোল্ডারগনের উদ্দেশ্যে সভায় পরিচালক গাজী মোঃ সাখাওয়াত হোসেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নূর আলীর পক্ষে কোম্পানীর বর্তমান ও ভবিষ্যত পরিকল্পনা তুলে ধরেন এবং শেয়ার হোল্ডারদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।

ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিতব্য ২২তম বার্ষিক সাধারণ সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার সহ আরও যুক্ত ছিলেন স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ ফোরকান উদ্দিন এফসিএ, স্বতন্ত্র পরিচালক জনাব মোহাম্মদ আহসান উল্লাহ। মনোনীত পরিচালক, জনাব মোঃ সাইফুল ইসলাম, মোঃ খালেদ নূর, মোঃ গোলাম সরোয়ার এফসিএ, এবং প্রধান নির্বাহী অফিসার মোঃ শাখাওয়াত হোসেন এবং পরিচালক-রেগুলেটরি অ্যাফেয়ার্স ও কোম্পানী সচিব মোঃ শরীফ হাসান এফসিএস। এছাড়াও সভায় সংযুক্ত ছিলেন চিফ ফিনান্সিয়াল অফিসার জনাব জনি কুমার গুপ্ত এফসিএ, অভ্যন্তরীন নিরীক্ষা বিভাগের প্রধান মোসাব্বিরুল ইসলাম, নিয়ন্ত্রক সংস্থার প্রতিনিধিগণ, কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগন, প্রিন্ট অ্যান্ড ইলেকট্রনিক মিডিয়ার লোকজন সহ উর্ধ্বতন কর্মকর্তারা।